

অক্টোবর 7, 2024

7-11 অক্টোবর উদযাপনের মধ্য দিয়ে DCSD জর্জিয়া প্রাক-কিন্ডারগার্টেন সপ্তাহ

এই ডিসট্রিক্ট হলো অঙ্গরাজ্যের আওতায় সর্ববৃহৎ প্রাক-কিন্ডারগার্টেন শিক্ষা সেবা প্রদানকারী

জর্জিয়ার প্রাক-কিন্ডারগার্টেন শিক্ষার সর্ববৃহৎ সরকারি সেবা প্রদানকারী DeKalb County School District (DCSD), 7 থেকে 11 অক্টোবর পর্যন্ত [জর্জিয়া কিন্ডারগার্টেন সপ্তাহ](#) উদযাপন করার জন্য উদ্দীপিত। DCSD Georgia Department of Early Care and Learning এবং অঙ্গরাজ্য জুড়ে স্কুল ডিসট্রিক্টগুলো এই বিশেষ সপ্তাহে আমাদের প্রাক-কিন্ডারগার্টেন শিক্ষাবিদদের গুরুত্বপূর্ণ কাজকে তুলে ধরতে উৎসবে যোগ দেবে।

DeKalb County থেকে অঙ্গরাজ্যের আইন প্রণেতারা DCSD প্রাক-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের সাথে পড়ার মাধ্যমে সপ্তাহটি কাটানোর লক্ষ্যে DCSD সুপারিনটেনডেন্ট Dr. Devon Q. Horton এবং ডিস্ট্রিক্টের একাধিক নেতৃত্ব দলের সাথে যোগ দেবেন। DCSD জর্জিয়া প্রাক-কিন্ডারগার্টেন সপ্তাহ উদযাপনের একটি [ভিডিও](#) প্রকাশ করেছে এবং সপ্তাহটিকে স্বরণ করার লক্ষ্যে একটি [ঘোষণা](#) পাঠ করেছে।

Dr. Horton বলেন, "আমাদের ছোট্ট শিশুসহ প্রতিটি শিশু মানসম্পন্ন শিক্ষার যোগ্য, এবং আমাদের ডিস্ট্রিক্ট আমাদের প্রাক-কিন্ডারগার্টেন শিক্ষার্থীদের তা দিতে পেরে গর্বিত। "আমাদের লক্ষ্য এবং দায়িত্ব অবশ্যই আমাদের সকল শিক্ষার্থীকে ব্যাপক এবং সঠিক শিক্ষা প্রদান করা এবং আমাদের ছোটদের জন্য কর্মসূচি প্রদান করা যা তাদের শারীরিক, আচরণগত এবং জ্ঞানীয় বিকাশকে উন্নীত করে।"

জর্জিয়া প্রাক-কিন্ডারগার্টেন সপ্তাহ 2009-2010 সালের মন্দার প্রতিক্রিয়া হিসাবে চালু হয়েছিল। সেসময় জর্জিয়া আইনসভা তহবিল সংক্রান্ত সমস্যার কারণে কর্মসূচি প্রায় বন্ধ করে দেয়। সেই থেকে Voices for Georgia's Children এবং Georgia Department of Early Care and Learning জর্জিয়ার প্রাক-কিন্ডারগার্টেন কর্মসূচির একটি বার্ষিক সপ্তাহব্যাপী উদযাপনের আয়োজন করে এসেছে।

জর্জিয়া প্রাক-কিন্ডারগার্টেন সপ্তাহ অঙ্গরাজ্য জুড়ে আইন প্রণেতা এবং নেতাদেরকে তাদের স্থানীয় কমিউনিটির প্রাক-কিন্ডারগার্টেন ক্লাসরুম পরিদর্শন করার, শিক্ষার্থীদের জন্য শিশুতোষ বই পড়ার এবং প্রাথমিক শিক্ষার সাথে সরাসরি জড়িত হওয়ার সুযোগ প্রদান করে থাকে।